**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) আসন্ন এডিসি নির্বাচনের জন্য পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ আজ থেকে শুরু হয়েছে।**

**(২) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের সরব প্রচার আজ শেষ হয়েছে।**

**(৩) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, ইগনু-র শক্তিশালী শিক্ষা কার্যক্রম ভারতকে ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার লক্ষ্য অর্জনে সহায়তা করবে।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আসরে আসাম রাইফেলস পাবলিক স্কুল এবং টি আই এস এফ কোয়ার্টার ফাইনালে উঠেছে।**

***************************************

**ADC–Postal Ballot :**

আসন্ন এডিসি নির্বাচনের জন্য পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ আজ থেকে শুরু হয়েছে। শেষ হবে আগামীকাল।

সিপাহীজলা জেলাতে বিশালগড় মহকুমার অফিসটিলা এইচ.এস স্কুল ও জম্পুইজলা মহকুমার জম্পুইজলা এইচ.এস স্কুলের ৫টি ফ্যাসিলিটেশন সেন্টারে পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণের ব্যবস্থা করা হয়েছে।

গোমতী জেলায় উদয়পুর কে.বি.আই স্কুলে, অমরপুরের বয়েজ স্কুল ও করবুকের মহকুমা শাসক অফিসে পোষ্টাল ব্যালটে ভোট গ্রহনের জন্য ফ্যাসিলিটেশন সেন্টার খোলা হয়েছে।

খোয়াই জেলায় আশারাম বাড়ি-হালহালি ও রামচন্দ্রঘাট এই দুটি আসনে পোষ্টাল ব্যালটে ভোট গ্রহনের জন্য খোয়াই-এর এস.ডি.এম অফিস প্রাঙ্গণে ফ্যাসিলিটেশন সেন্টার খোলা হয়েছে।

এডিসি নির্বাচনে পোষ্টাল ব্যালটে ভোটগ্রহণ শুরু হয়েছে ঊনকোটি জেলাতেও। এই জেলার কুমারঘাট উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে তিনটি ফ্যাসিলিটেশন সেন্টার খোলা হয়েছে। রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের SDM এন.এস. চাকমা জানান, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পোষ্টাল ব্যালটে ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**************************

**Bye Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের সরব প্রচার আজ বিকেল ৫টায় শেষ হয়েছে। আগামী ৯ই এপ্রিল সকাল ৭টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী আজ জানিয়েছেন, নির্বাচন দপ্তর ভোটগ্রহনের জন্য সব ধরণের প্রস্তুতি গ্রহণ করেছে। কড়া নিরাপত্তার মধ্য দিয়ে মোট ৫৫টি ভোট কেন্দ্রে ভোটগ্রহণ করা হবে। এই উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন ৬ জন প্রার্থী। তারা হলেন বিজেপি'র জহর চক্রবর্তী, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, সি.পি.আই(এম)-এর অমিতাভ দত্ত, আমরা বাঙালী দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই-এর সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ। ধর্মনগর বিধানসভা কেন্দ্রের ভোটার রয়েছেন ৪৬ হাজার ১৪২ জন। এর মধ্যে মহিলা ভোটার ২৩ হাজার ৭৫৮ জন এবং পুরুষ ভোটার ২২ হাজার ৩৮৪ জন। সার্ভিস ভোটার রয়েছেন ৯১ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৮৮ জন এবং মহিলা ভোটার ৩ জন।

এই উপ-নির্বাচনে মোট ৫৫টি ভোট কেন্দ্রের মধ্যে আদর্শ ভোট কেন্দ্র রয়েছে ১১টি। মহিলা পরিচালিত ভোট কেন্দ্র ১১টি, দিব্যাঙ্গজন পরিচালিত ভোট কেন্দ্র ২টি। তাছাড়া যুব পরিচালিত ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে ২টি। আগামীকাল পি.এম.শ্রী ধর্মনগর সরকারি বালিকা উচ্চতর মাধ্যমিক

বিদ্যালয় থেকে ভোটকর্মীরা কড়া নিরাপত্তায় ভোট সামগ্রী নিয়ে ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হবেন।

উল্লেখ্য, রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক গতকাল সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, ধর্মনগর বিধানসভা কেন্দ্রের ভোটারদের জন্য ৯ই এপ্রিল সরকারি ছুটির দিন হিসেবে ঘোষণা করা হয়েছে। আগামী ৯ই এপ্রিল সকাল ৭টা থেকে ২৯শে এপ্রিল সন্ধ্যা ৬টা ৩০ মিনিট পর্যন্ত কোন ধরণের এগজিট পোল প্রচার করা যাবে না।

ভোটারদের জন্য ২৪ ঘন্টা হেল্প লাইনের ব্যবস্থা করা হয়েছে। জেলা হেল্প লাইনের নম্বর হল ০৩৮২২-১৯৫০ এবং স্টেট হেল্প লাইনের নম্বর হল ১৮০০-৩৪৫০-১৯৫০। ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ভোট গণনা করা হবে আগামী চৌঠা মে সকাল ৮টা থেকে।

**********************

**ADC-Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ গোমতী জেলার অম্পিতে অম্পিনগর কেন্দ্রের বিজেপি প্রার্থী সৌদাগর কলইয়ের সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখেন। তিনি আজ তেলিয়ামুড়ার পাড়াকলক উচ্চ বিদ্যালয় মাঠে এডিসি'র মহারানীপুর-তেলিয়ামুড়া এবং মান্দাইনগর-পুলিনপুর কেন্দ্রের বিজেপি প্রার্থীদের সমর্থনে আয়োজিত জনসভায় বক্তব্য রাখেন।

বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য আজ ধলাই জেলার মানিকপুর বাজারে এডিসি'র ছাওমনু কেন্দ্রের বিজেপি প্রার্থী ইসমেল জয় ত্রিপুরার সমর্থনে বক্তব্য রাখেন।

সি.পি.আই.এম রাজ্য সম্পাদক ও বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ হেজামারায় সিমনা তমাকারি কেন্দ্রে বামফ্রন্ট প্রার্থী অমূল্য দেববর্মা এবং বোধজংনগর ওয়াকিনগর কেন্দ্রে বামফ্রন্ট প্রাথী সঞ্জিত দেববর্মার সমর্থনে আয়োজিত জনসভায় বক্তব্য রাখেন। বিধায়ক নয়ন সরকার, প্রাক্তন সাংসদ শংকর প্রসাদ দত্তও এই জনসভায় বক্তব্য রাখেন।

এডিসি পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি আসনে বিজেপি প্রার্থী অভিজিৎ ত্রিপুরার সমর্থনে আজ ঋষ্যমুখ ব্লকের রতনপুর বাজার থেকে শিবপুর পর্যন্ত পদযাত্রা অনুষ্ঠিত হয়। পদযাত্রা শেষে শিবপুর বাজারে আয়োজিত নির্বাচনী সভায় বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত প্রমুখ। পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি আসনে তিপ্রামথার প্রার্থী দেবজিৎ ত্রিপুরার সমর্থনে পোয়াংবাড়িতে আয়োজিত জনসভায় বক্তব্য রাখেন তিপ্রামথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা। এই কেন্দ্রের সি.পি.আই.এম প্রার্থী বারজুং ত্রিপুরার সমর্থনে কালাঢেপা ও শাকবাড়িতে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী বক্তব্য রাখেন।

এডিসি'র মাছমারা কেন্দ্রে কংগ্রেস প্রার্থী অর্জুন রায়ের সমর্থনে ঊনকোটি জেলার মাছমারা বাজারে এক নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন বিধায়ক সুদীপ রায় বর্মণ। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক তরুণ সাহা, সম্পাদক সত্যবান দাশ প্রমুখ।

শিলাছড়ি-মনুবনকুল কেন্দ্রের সি.পি.আই.এম প্রার্থী উঁচাথই মগের সমর্থনে রুপাইছড়ি ব্লকের মহামনি ভিলেজের উথই মগ পাড়ায় অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় দলের দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত, সিটুর সাব্রুম মহকুমা সম্পাদক দীপক দে প্রমুখ বক্তব্য রাখেন।

****************************

**School-Admission :**

শিক্ষা অধিকার আইন, ২০০৯ অনুসারে রাজ্যে বিদ্যালয় শিক্ষা দপ্তর অনুমোদিত বেসরকারি স্কুলগুলিতে সম্পূর্ণ বিনামূল্যে প্রথম শ্রেণীতে ২৫ শতাংশ আসনে ভর্তি প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। তা চলবে আগামী ৩০শে এপ্রিল পর্যন্ত। সংরক্ষিত এই পঁচিশ শতাংশ আসনে ভর্তির সুযোগ পাবে অনাথ শিশু, তফসিলি উপজাতি, তফসিলি জাতি, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু, এইচআইভি, এইডস আক্রান্ত শিশু, শহীদদের সন্তান, যৌনকর্মীদের সন্তান, রূপান্তরকামী শিশু। তাছাড়া কিশোর বিচার আইন, ২০১৫ এর ৪৫ ধারা অনুযায়ী পৃষ্ঠপোষকতার যোগ্য শিশু এবং চা বাগান

ও পরিযায়ী শ্রমিকদের সন্তানগনও বিনামূল্যে ভর্তির সুযোগ পাবে। অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর মধ্যে অন্তোদয়, বিপিএল, অ্যাডহক বিপিএল কার্ডধারী পরিবার, বার্ষিক আয় দুই লক্ষ টাকার কম এমন পরিবার এবং উপার্জনকারী পিতা-মাতা ও অভিভাবককে হারানো শিশুরাও প্রথম শ্রেণীতে বিনামূল্যে ভর্তির সুযোগ পাবে। এক্ষেত্রে শিশুদের পড়াশোনার জন্য কোন টিউশন ফি দিতে হবে না। বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা রাজীব দত্ত আজ আকাশবাণীকে এই সংবাদ জানিয়েছেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**IGNOU-Convocation :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন বলেছেন, ইগনু-র শক্তিশালী শিক্ষা কার্যক্রম ভারতকে ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার লক্ষ্য অর্জনে সহায়তা করবে। আজ নয়াদিল্লিতে ইগনু-র ৩৯তম সমাবর্তন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়-

ইগনু সহজলভ্য শিক্ষার মাধ্যমে সমগ্র দেশকে সংযুক্ত করে এবং শিক্ষার পরিমণ্ডলকে রূপান্তরিত করে দেশকে গর্বিত করেছে।

এদিকে, রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ইগনুর আগরতলার আঞ্চলিক কেন্দ্রের সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, এই অনুষ্ঠান উচ্চাকাঙ্ক্ষা এবং জ্ঞানের গণতন্ত্রীকরণের উদযাপন। ইগনু-র দূরশিক্ষা প্রত্যন্ত পাহাড়ি এলাকায় বসবাসকারী, পড়াশোনা চালিয়ে যেতে না পারা বিবাহিত নারী এবং হোস্টেলের ফি ও দামী পাঠ্যবই কেনার সামর্থ্য নেই এমন অর্থনৈতিকভাবে দুর্বল জনগোষ্ঠীর জন্য বিশ্ববিদ্যালয়ের দরজা খুলে দেয়।

রাজ্যপাল বলেন, নয়া জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুযায়ী শিক্ষার্থীদের মধ্যে উচ্চ শিক্ষার সুযোগ গ্রহন ছাড়াও বিভিন্ন বৃত্তি মুলক শিক্ষার সুযোগ এনে দিয়েছে ইগনু। ইগনু থেকে শিক্ষা গ্রহনের জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে ইগনুর আগরতলা আঞ্চলিক কেন্দ্রের অধিকর্তা অধ্যাপক চন্দ্র শেখর পুট্টা বলেন, এবছর সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যের মোট ১৪৫৭ জন শিক্ষার্থীকে ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সের জন্য সার্টিফিকেট প্রদান করা হয়।

***************************

**World Health Day :**

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। এই উপলক্ষে রাজ্যেও বিভিন্ন সংগঠনের উদ্যোগে নানা সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। ত্রিপুরা ইনস্টিটিউট অব প্যারামেডিকেল সায়েন্স বা টিপসের উদ্যোগে আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে থেকে একটি ওয়াকাথনের আয়োজন করা হয়। তাছাড়া টিপসের উদ্যোগে একটি কর্মশালারও আয়োজন করা হয়। আগরতলা গভমেন্ট মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিন বিভাগের উদ্যোগে কলেজের ক্যাম্পাসে আজ এক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

সিপাহীজলা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল। চিকিৎসক, স্বাস্থ্যকর্মী, আশাকর্মী সহ বিভিন্ন সংগঠন থেকে প্রায় ২০০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**Package Story-World Health Day :**

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। ১৯৪৮-এ দ্বিতীয় বিশ্বযুদ্ধ বিধ্বস্ত পৃথিবীতে স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় সমবেত প্রয়াসের গুরুত্ব উপলব্ধি করে গঠিত হয়েছিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা। এই আন্তর্জাতিক সংস্থার প্রতিষ্ঠাকে মাথায় রেখে প্রতি বছর এই দিনে বিভিন্ন ভাবনা নিয়ে আয়োজিত হয় গুরুত্বপূর্ণ স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি। এনিয়ে একটি প্রতিবেদন।

######VC#####

**********************

**Kajal Smriti Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আসরে আসাম রাইফেলস পাবলিক স্কুল এবং টি আই এস এফ কোয়ার্টার ফাইনালে উঠেছে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত প্রথম খেলায় আসাম রাইফেলস পাবলিক স্কুল ৩-১ গোলে ফুলোঝানু এথলেটিক্স ক্লাবকে হারিয়ে দেয়। অপর খেলায় টি আই এস এফ ৬-০ গোলে কাঠালিয়া ডুকলী প্লে সেন্টারকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলা ও ঊনকোটি জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে

আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************